উপজেলা পরিষদ কার্যালয়
আদিতমারী, লালমনিরহাট

বিষয় : উপজেলা পরিষদের সেপ্টেম্বর/২০২৫ মাসে অনুষ্ঠিত মাসিক সভার কার্যবিবরণী

সভাপতি : বিধান কান্তি হালদার
প্রশাসক, উপজেলা পরিষদ
আদিতমারী, লালমনিরহাট।

সভার স্থান : উপজেলা পরিষদ সভা কক্ষ।

তারিখ : ২৫/০৯/২০২৫ খ্রিঃ

সভার সময় : সকাল- ১১.৩০ ঘটিকা।

উপস্থিতি : পরিশিষ্ট "ক"

উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। অত:পর গত ২৬/০৮/২০২৫ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনানো হয়। সভার কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে তা অনুমোদিত এবং গৃহীত হয়। সভায় নিম্নবর্ণিত বিষয়াবলীর উপর বিস্তারিত আলোচনান্তে এবং সর্বসম্মতিক্রমে সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

<table>
<tr><th>ক্রঃ নং</th><th>বিভাগ</th><th>আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়ন</th></tr>
<tr><td>০১</td><td>কৃষি বিভাগ</td><td>(ক)উপজেলা কৃষি অফিসার, আদিতমারী, লালমনিরহাট সকলকে ধন্যবাদ জানিয়ে বলেন যে, ২০২৫-২৬ অর্থবছরে চলতি খরিপ-২ মৌসুমে আদিতমারী উপজেলার জন্য ১০০ জন ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকের মাঝে বিনামূল্যে মাশকলাই বীজ ও রাসায়নিক সার প্রণোদনার আওতায় ইতোমধ্যে বিতরণ করা হয়েছে। বর্তমানে এ উপজেলায় রাসায়নিক সারের কোন সংকট নেই। এখন পর্যন্ত মজুদ রয়েছে ইউরিয়া-২৬৮ মে.টন, টিএসপি-১৮.৭৫ মে.টন, ডিএপি-৮৮.৮০ মে.টন এবং এওপি-১০৯.০৫ মে.টন। মাঠে দন্ডায়মান রোপা আমন ধানসহ বিভিন্ন ফসলের পোকা মাকড় ও রোগবালাইয়ের আক্রমন নিয়ন্ত্রনে রয়েছে। ডিজেলের মজুদ সন্তোষজনক। এছাড়া বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান রয়েছে।</td><td>(ক) মাঠ পর্যায়ে বিভিন্ন ফসলের পোকা মাকড় ও রোগবালাইয় দমন/প্রতিরোধে উপসহকারী কৃষি কর্মকর্তাগণদ্বারা নিয়মিত পরিদর্শন করতে হবে। সারের দোকানগুলো নিয়মিত মনিটরিং করতে হবে কোথাও কোন অনিয়ম পরিলক্ষিত হলে মোবাইল কোর্ট পরিচালনা করতে হবে।</td><td>উপজেলা কৃষি অফিসার, আদিতমারী।</td></tr>
<tr><td>০২</td><td>স্বাস্থ্য বিভাগ</td><td>উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, আদিতমারী, এর প্রতিনিধি সভায় জানান যে, তার বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে।</td><td>স্বাস্থ্য বিভাগের কার্যক্রম আরও গতিশীল এবং সঠিক ভাবে পরিচালনা করতে হবে।</td><td>উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, আদিতমারী,</td></tr>
<tr><td>০৩</td><td>প্রাণি সম্পদ বিভাগ</td><td>উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, আদিতমারী, লালমনিরহাট সভায় জানান যে,
<table>
<tr><th>ক্র: নং</th><th>কার্যক্রমের নাম</th><th>বার্ষিক লক্ষ মাত্রা</th><th>চলতি মাসে অর্জন</th></tr>
<tr><td>১</td><td>সরকারিভাবে কৃত্রিম প্রজনন সম্প্রসারণ (সংখ্যা)</td><td>৪৮০০</td><td>৪৮০</td></tr>
<tr><td></td><td>ক. তরল সিমেন দ্বারা</td><td>০</td><td>০</td></tr>
<tr><td></td><td>খ. হিমায়িত সিমেন দ্বারা</td><td>৪৮০০</td><td>৪৮০</td></tr>
<tr><td>২</td><td>সংকর জাতের গবাদি পশুর বাছুরের তথ্য সংগ্রহ (সংখ্যা)</td><td>১৯২০</td><td>১৬৮</td></tr>
<tr><td>৩</td><td>সরকারিভাবে টিকা প্রদা সম্প্রসারণ</td><td>৮৩৫৬৬০</td><td>৬৫৯৭২</td></tr>
<tr><td></td><td>ক) গবাদি পশু (সংখ্যা)</td><td>৭৭৬৬০</td><td>২৭২</td></tr>
<tr><td></td><td>খ) হাঁস-মুরগী (সংখ্যা)</td><td>৭৫৮০০০</td><td>৬৫৭০০</td></tr>
<tr><td>৪</td><td>গবাদিপশুর চিকিৎসা প্রদান (সংখ যা)</td><td>২৬৯৩৪</td><td>২২০৮</td></tr>
<tr><td>৫</td><td>হাঁস-মুরগির চিকিৎসা প্রদান (সংখ্যা)</td><td>১৩০৮৫১</td><td>১০৯১১</td></tr>
<tr><td>৬</td><td>পোষা প্রাণীর চিকিৎসা প্রদান(সংখ্যা)</td><td>৫৫</td><td>৬</td></tr>
<tr><td>৭</td><td>গবাদিপশু-পাখির রোগ অনুসন্ধানে নমূণা সংগ্রহ ও গবেষণাগারে প্রেরণ (সংখ্যা)</td><td>১০৬</td><td>১৮</td></tr>
<tr><td>৮</td><td>গবাদিপশু-পাখির ডিজিজ সার্ভিলেন্স (সংখ্যা)</td><td>১৯</td><td>২</td></tr>
<tr><td>৯</td><td>ফ্রি ভেট রিনারি মেডিকেল ক্যাম্পস্থাপন (সংখ্যা)</td><td>৯</td><td>২</td></tr>
<tr><td>১০</td><td>খামারী প্রশিক্ষল (সংখ্যা)</td><td>-</td><td>২০০</td></tr>
<tr><td></td><td>(ক) খামারী প্রশিক্ষণ প্রদান (সংখ্যা)</td><td>৮৪০</td><td>৬০</td></tr>
<tr><td></td><td>(খ) অন্যান্য / বেসরকারী পর্যায়ে খামারী প্রশিক্ষণ (সংখ্যা)</td><td>-</td><td>১৪০</td></tr>
<tr><td>১১</td><td>মাংস প্রক্রিয়াজাতকারীদের প্রশিক্ষল প্রদান (সংখ্যা)</td><td>৩৬</td><td>০</td></tr>
<tr><td>১</td><td>উ ান বৈঠকে আয়োজন সংখ্যা</td><td>৫৮</td><td>৫</td></tr>
<tr><td>১৩</td><td>স্থায়ী ঘাস চাষ সম্প্রসারণ (একর)</td><td>৩৩.০০</td><td>৩.৬০</td></tr>
<tr><td>১৪</td><td>খামার / ফিড মিল/ হ্যাচারি পরিদর্শন (সংখ্যা)</td><td>১১২</td><td>১২</td></tr>
<tr><td>১৫</td><td>গবাদিপশুর খামার রেজিস্ট্রেশন ও নবায়ন (সংখ্যা)</td><td>১৩</td><td>০</td></tr>
<tr><td>১৬</td><td>পোল্ট্রি খামার রেজিস্ট্রেশন ও নবায়ন (সংখ্যা)</td><td>৪</td><td>১</td></tr>
<tr><td>১৭</td><td>মোবাইল কোর্ট পরিচালনাকরা (সংখ্যা)</td><td>৩</td><td>১</td></tr>
<tr><td>১৮</td><td>দুধ উৎপাদন (মেট্রিক টন)</td><td>২৫২৬০.০০</td><td>২১৬৬.৬৪</td></tr>
<tr><td>১৯</td><td>মাংস উৎপাদন (মেট্রিক টন)</td><td>১৭২০০.০০</td><td>১৪৩৭.৬৩</td></tr>
<tr><td>২০</td><td>ডিম উৎপাদন (লক্ষ)</td><td>৫০২.৮৯</td><td>৪০.৩০</td></tr>
</table>
এছাড়া বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে।</td><td>মাঠ পর্যায়ে খামারিদের গবাদি পশুর সংক্রমক রোগের বিস্তাররোধে ভেটেরিনারি মেডিকেল টিমের তৎপরতা বৃদ্ধি করতে হবে। গবাদি পশু মোটাতাজা করণের জন্য স্টোরয়েড বা হরমোন ব্যবহারের নিরুৎসাহিত করার প্রচার প্রচারনা চালাতে হবে।</td><td>উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, আদিতমারী।</td></tr>
</table>

চলমান পাতা-০২

CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| ০৪ | প্রকৌশল বিভাগ | সভায় উপজেলা প্রকৌশলী জানান যে, ২০২৫-২০২৬ অর্থ বছরের এডিপি'র ১ম কিস্তির বরাদ্দ পাওয়া গেছে ২২,১৪,০০০/- টাকা। ১ম কিস্তি হিসেবে এ বছর সম্ভাব্য এডিপি'র বরাদ্দ পাওয়া যাবে ৮৮,৫৬,০০০/- টাকা। তিনি সভায় উপস্থিত সকল ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানসহ এ উপজেলার দপ্তর প্রধানগণের দৃষ্টি আকর্ষণপূর্বক চলতি ২০২৫-২০২৬ অর্থ বছরের অগ্রাধিকার ভিত্তিক বাস্তবায়নযোগ্য প্রকল্পসমূহ দ্রুত সময়ের মধ্যে দাখিল করার জন্য অনুরোধ জানান।<br>সভায় চেয়ারম্যান, পলাশী ইউনিয়ন পরিষদ জানান যে, ২০২১-২০২২ অর্থ বছরের নামুড়ীহাট/বাজারের উন্নয়নের নিমিত্তে ১৫% অর্থের অনুকুলে ৯৭,০০০/- এবং ১০% অর্থের অনুকূলে ৬৫০০০/- টাকা সর্বমোট ১,৬২,০০০/- টাকার দুটি প্রকল্প গ্রহণ করা হয়। যার অগ্রীম ৫০% বাবদ ৮১,০০০/- টাকা ইতোপূর্বে প্রদান করা হয়েছে। বর্তমানে বর্ণিত প্রকল্পটি যথাযথ ভাবে সম্পন্ন করা হয়েছে। বিধায় অবশিষ্ট ৮১,০০০/- টাকা প্রদানের জন্য অনুরোধ করেন। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | ২০২৫-২০২৬ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন তহবিল এডিপি'র প্রাপ্ত বরাদ্দের আলোকে প্রকল্পসমূহ নির্ধারিত সময়ের মধে দাখিল করতে হবে।<br>উপজেলা প্রকৌশলী সরেজমিন তদন্ত অন্তে প্রতিবেদন দাখিল করবেন। | সংশ্লিষ্ট সকল ইউপি চেয়ারম্যান/ বিভাগীয় প্রধান/উপজেলা প্রকৌশলী আদিতমারী।<br>উপজেলা প্রকৌশলী আদিতমারী। |
| ০৫ | প্রাথমিক শিক্ষা বিভাগ | উপজেলা শিক্ষা অফিসার, আদিতমারী সভায় জানান যে, শারদীয় দুর্গাপূজা উপলক্ষ্যে আগামী ২৬ সেপ্টেম্বর ২০২৫ হতে ০৬ অক্টোবর ২০২৫ পর্যন্ত প্রাথমিক পর্যায়ের সকল শিক্ষা প্রতিষ্ঠানে বন্ধ থাকবে। তবে টাইফয়েট ভ্যাকসিনেশন জন্য শিশুদের অনলাইনে রেজিস্ট্রেশন কার্যক্রম চলমান রয়েছে।<br>তিনি সভায় আরো জানান যে, এ উপজেলার প্রাথমিক পর্যায়ের বেশ কিছু শিক্ষা প্রতিষ্ঠানে শ্রেণিকক্ষের তুলনায় সিলিং ফ্যান অপ্রতুল এবং কিছু শ্রেণিকক্ষের সিলিং ফ্যান অচল হয়ে পড়ায় চলমান প্রচন্ড তাপদাহে শ্রেণিকক্ষে পাঠদানে কার্যক্রম ব্যহত হচ্ছে। সিলিং ফ্যান বরাদ্দের জন্য শিক্ষা প্রতিষ্ঠানের প্রধানগণ আবেদন দাখিল করেছেন। তিনি সভায় ২০২৫-২০২৬ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি'র) আওতায় শিক্ষা প্রতিষ্ঠানসমূহে সিলিং ফ্যান বরাদ্দ প্রদানের জন্য অনুরোধ জানান। এছাড়া তার দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান রয়েছে। | (১) শিক্ষা প্রতিষ্ঠানের নিয়মিত পাঠদান পরিচালনাসহ মনিটরিং জোরদার করতে হবে। শিক্ষার্থীদের ঝড়ে পড়ারোধ কল্পে কার্যকরি পদক্ষেপ গ্রহণ করতে হবে।<br>(২) যে সকল শিক্ষা প্রতিষ্ঠানে সিলিং ফ্যানের চাহিদা রয়েছে তাদের আবেদনপত্র উপজেলা নির্বাহী অফিসার বরাবর প্রেরণ করতে হবে। চাহিদা অনুযায়ী ২০২৫-২০২৬ অর্থ বছরের (এডিপি'র) প্রকল্পের আওতায় বরাদ্দ প্রদান করতে হবে। | উপজেলা শিক্ষা অফিসার, আদিতমারী।<br>উপজেলা শিক্ষা অফিসার, উপজেলা প্রকৌশলী, আদিতমারী |
| ০৬ | মাধ্যমিক শিক্ষা বিভাগ | সভায় উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার জানান যে, শিক্ষার মান বৃদ্ধির লক্ষে শিক্ষা প্রতিষ্ঠানগুলোতে নিয়মিত অভিভাবক/মা সমাবেশ কার্যক্রম চলমান রয়েছে এবং মনিটরিং করা হচ্ছে।<br>তিনি সভায় আরো জানান যে, এ উপজেলার মাধ্যমিক পর্যায়ের বেশ কিছু শিক্ষা প্রতিষ্ঠানে শ্রেণিকক্ষের তুলনায় সিলিং ফ্যান অপ্রতুল এবং কিছু শ্রেণিকক্ষের সিলিং ফ্যান অচল হয়ে পড়ায় চলমান প্রচন্ড তাপদাহে শ্রেণিকক্ষে পাঠদানে কার্যক্রম ব্যহত হচ্ছে। সিলিং ফ্যান বরাদ্দের জন্য শিক্ষা প্রতিষ্ঠানের প্রধানগণ আবেদন দাখিল করেছেন। তিনি সভায় ২০২৫-২০২৬ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি'র) আওতায় শিক্ষা প্রতিষ্ঠানসমূহে সিলিং ফ্যান বরাদ্দ প্রদানের জন্য অনুরোধ জানান। এছাড়া তার দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান রয়েছে। | (১) শিক্ষার মান বৃদ্ধির লক্ষে শিক্ষা প্রতিষ্ঠানগুলোতে নিয়মিত মনিটরিং করতে হবে। কোন অনিয়ম হলে লিখিত ভাবে ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>(২) যে সকল শিক্ষা প্রতিষ্ঠানে সিলিং ফ্যানের চাহিদা রয়েছে তাদের আবেদনপত্র উপজেলা নির্বাহী অফিসার বরাবর প্রেরণ করতে হবে। চাহিদা অনুযায়ী ২০২৫-২০২৬ অর্থ বছরের (এডিপি'র) প্রকল্পের আওতায় বরাদ্দ প্রদান করতে হবে। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার<br>উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, উপজেলা প্রকৌশলী, আদিতমারী |
| ০৭ | প্রকল্প বাস্তবায়ন বিভাগ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, আদিতমারী, লালমনিরহাট সভায় অনুপস্থিত থাকায় তার বিভাগের কিছু জানা গেলো না। | বিস্তারিত কার্যপত্রসহ আগামী সভায় আবশ্যিকভাবে উপস্থিত থাকতে হবে। | প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, আদিতমারী। |
| ০৮ | সমাজ সেবা বিভাগ | উপজেলা সমাজসেবা অফিসার, আদিতমারী, সভায় জানান যে, ২০২৫-২০২৬ অর্থ বছরের ১ম কিস্তির পে-রোল ইতোমধ্যে প্রেরণ করা হয়েছে। ধারনা করা হচ্ছে আগামী পূজার পূর্বেই সকল ভাতাভোগী ভাতার টাকা পেয়ে যাবেন।<br>তিনি সভায় আরো জানান যে, আগামী মাসে সকল ভাতার অনলাইন কার্যক্রম শুরু করা হবে। অনলাইন কার্যক্রমে স্থানীয় জনপ্রতিনিধিগণকে সহযোগিতার আহ্বান জানান। এছাড়া তার বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান রয়েছে। | বিধি মোতাবেক কার্যক্রম পরিচালনা করতে হবে। | উপজেলা সমাজ সেবা কর্মকর্তা, আদিতমারী। |
| ০৯ | মৎস্য বিভাগ | উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান যে, চলতি মাসে বিভিন্ন স্থানে অভিযান চালিয়ে প্রায় ৫০০০ মিটার নিষিদ্ধঘোষিত চায়না দুয়ারী ও কারেন্ট জাল জব্দপূর্বক পুড়িয়ে ধ্বংস করা হয়েছে। আগামী ০৪ অক্টোবর হতে ২৫ অক্টোবর ২০২৫ পর্যন্ত সারাদেশে মা ইলিশ সংরক্ষণ অভিযান পরিচালিত হবে। এ অভিযানে সকল অংশিজনের আন্তরিকভাবে অংশগ্রহণপূর্বক এ কার্যক্রম বাস্তবায়নের জন্য অনুরোধ জানান।<br>তিনি সভায় আরো জানান যে, দেশীয় প্রজাতির মাছ সংরক্ষনে সকল ইউনিয়নে মৎস্য অভয়াশ্রমের জন্য উন্মুক্ত জলাশয় নির্ধারণপূর্বক উপজেলা মৎস্য অফিসে প্রস্তাব প্রেরনের জন্য ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগনের প্রতি অনুরোধ জানান। এছাড়া বিভাগের অন্যন্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান রয়েছে। | (১) দেশীয় প্রজাতির মাছ সংরক্ষনে অবৈধ কারেন্ট জাল, জঙ্গাল, রিংজালসহ এ জাতীয় সকল অবৈধ প্রযুক্তির বিরুদ্ধে অভিযান পরিচালনা করতে হবে। (২) দেশিয় প্রজাতির মাছ সংরক্ষনে যে সকল ইউনিয়নে উন্মুক্ত জলাশয় রয়েছে এবং মৎস্য অভয়াশ্রমের জন্য বিবেচ্য হবে এমন স্থানের প্রস্তাব উপজেলা মৎস্য অফিসার বরাবর প্রেরণ করতে হবে। | উপজেলা মৎস্য অফিসার, আদিতমারী/ সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান |

চলমান পাতা-০৩

CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| ১০ | পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, আদিতমারী, লালমনিরহাট সভায় অনুপস্থিত থাকায় তার বিভাগের কিছু জানা গেলো না। | বিস্তারিত কার্যপত্রসহ আগামী সভায় আবশ্যিকভাবে উপস্থিত থাকতে হবে। | উপজেলা পঃপঃ অফিসার, আদিতমারী। |
| ১১ | যুব উন্নয়ন বিভাগ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, তৃনমূল পর্যায়ে ৩০ জন প্রান্তিক যুবক ও যুবনারীকে দক্ষতাবৃদ্ধিমূলক প্রশিক্ষণ দেয়া হয়েছে। আগামী অক্টোবর ২০২৫ হতে ডিসেম্বর ২০২৫ পর্যন্ত ০৩ মাসব্যাপী গবাদিপশু পালন, হাঁস-মুরগী পালন, প্রাথমিক চিকিৎসা ও কৃষি বিষয়ক প্রশিক্ষনের নিমিত্ত যুবক যুবতীদের নিকট হতে দরখাস্ত আহবান করা হয়েছে। এছাড়া বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান রয়েছে। | অক্টোবর ২০২৫ হতে ডিসেম্বর ২০২৫ পর্যন্ত ০৩ মাসব্যাপী গবাদিপশু পালন, হাঁস-মুরগী পালন, প্রাথমিক চিকিৎসা ও কৃষি বিষয়ক প্রশিক্ষণের বিষয়ে ব্যাপক প্রচার প্রচারনা চালাতে হবে। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, আদিতমারী। |
| ১২ | মহিলা বিষয়ক বিভাগ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, আদিতমারী সভায় জানান যে, তার বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান রয়েছে। | বিধি মোতাবেক কার্যক্রম পরিচালনা করতে হবে। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, আদিতমারী |
| ১৩ | জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ | সহকারী প্রকৌশলী, (জনস্বাস্থ্য), আদিতমারী, লালমনিরহাট সভায় জানান যে, সমগ্রদেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্পের আওতায় ৯৬টি অগভীর নলকূপের কাজ ইতোমধ্যে শেষ হয়েছে। আশ্রয়ণ-২ প্রকল্পের ৪০টি অগভীর নলকূপের স্থাপনের কাজ শেষ হয়েছে। ২০২৫-২০২৬ অর্থ বছরের বরাদ্দ এখনো পাওয়া যায়নি। এছাড়া দাপ্তরিক অন্যান্য কার্যক্রম সুষ্ঠভাবে চলমান রয়েছে। | বিধি মোতাবেক দাপ্তরিক কার্যক্রম পরিচালনা করতে হবে। | সহকারী প্রকৌশলী জনস্বাস্থ্য কর্মকর্তা/ উপজেলা প্রকৌশলী, আদিতমারী। |
| ১৪ | সমবায় বিভাগ | উপজেলা সমবায় অফিসার, আদিতমারী এর প্রতিনিধি সভায় জানান যে, (১) **বিভাগীয় ঃ** ক) অডিট যোগ্য সমিতির সংখ্যা- ১২৩টি, খ) অডিট সম্পাদনকৃত সমিতির সংখ্যা- ১২৩ টি, গ) অডিট নোট দাখিল- ১২৩টি, বর্তমানে এ পর্যন্ত সমবায় সমিতির সংখ্যা ১২৮ টি। (২) **অডিট সেস ঃ** ক) ধার্যকৃত অডিট সেস-৩১৬৩০/- টাকা, খ) আদায়কৃত অডিট সেস- ৩১৬৩০/- গ) অনাদায়ী অডিট সেস- নেই, ঘ) ১৫% ভ্যাট আদায়- ৪৭৫৬/- টাকা, ঙ) আদায় হার- ১০০%। (৩) **সিডিএফ ঃ** ক) ধার্যকৃত সিডিএফ- ২৫৮৭৩/- টাকা, খ) আদায়কৃত সিডিএফ-২৫৮৭৩/- টাকা, গ) অনাদায়ী সিডিএফ- নেই, ঘ) আদায় হার-১০০%। (৪) **লভ্যাংশ বিতরণ যোগ্য ঃ (৫) আশ্রয়ন/আশ্রয়ন ফেইজ-২ ঃ** ক) মোট আশ্রয়ন= ২টি, আশ্রয়ন (ফেইজ-২)= ০২টি। মোট আশ্রয়ন/আশ্রয়ন ফেইজ-২ = ৪টি এবং সমিতি মোট= ৫টি, খ) ব্যারাক সংখ্যা- ২২টি, গ) কক্ষ ও পূনর্বাসিত পরিবার সংখ্যা- ২২০টি, ঘ) মোট সদস্য সংখ্যা-৪৫১ জন (পুরুষ-২১২, মহিলা- ২৩৯ জন), ঙ) কমিউনিটি সেন্টার- ০৩ টি, চ) পুকুর/দিঘী- ০৩ টি। **ঋণ সংক্রান্ত ঃ** ক) আবাস হতে প্রাপ্ত মোট বরাদ্দ- ১৬,৬০,০০০/- টাকা, খ) প্রকল্পে ঋণ দাদন (ক্রমপুঞ্জিভূত)- ৪০,৪৩,৫০০/- টাকা, গ) ঋণ আদায় (ক্রমপুঞ্জিভূত)- ২৯,৭৪,০৪৬/- টাকা (আসল- ২৭,৫৩,৭৪৬/- টাকা, সাঃ চাঃ ২,২০,৩০০/-টাকা)। ঘ) খেলাপী ঋণ- ১৫,৫৬,৩৫৪/- টাকা, ঙ) আদায়ের হার- ৮৬%, চ) আবাসে সার্ভিস চার্জ প্রেরণ- ৮২৬১২/- টাকা। সমবায় বিভাগ কর্তৃক প্রকল্প সিভিডিপি হতে প্রেরণসহ এ যাবৎ বিভিন্ন ট্রেডে মোট ৩৪০ জন প্রশিক্ষণ সফলভাবে গ্রহণ করেছেন এর মধ্যে ২০০ জনের স্বকর্মস্থানের সৃষ্টি হয়েছে। এছাড়া বিভাগের কার্যক্রম সুষ্ঠভাবে চলমান রয়েছে। | সমবায় বিভাগের কার্যক্রম সঠিকভাবে তদারকি করার জন্য উপজেলা সমবায় অফিসার-কে অনুরোধ করা হয় | উপজেলা সমবায় অফিসার, আদিতমারী। |
| ১৫ | পল্লী উন্নয়ন বিভাগ | সভায় উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, আদিতমারী সভায় জানান যে, তার বিভাগের কার্যক্রম সুষ্ঠুভাবে চলমান রয়েছে। | উপজেলা পল্লী উন্নয়ন বিভাগের সার্টিফিকেট মামলা নিষ্পত্তির উদ্যোগ গ্রহণ করতে হবে এবং খেলাপী ঋণ আদায়ে আরো বেশি তৎপর হতে হবে। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, আদিতমারী। |
| ১৬ | বন বিভাগ | উপজেলা বন কর্মকর্তা সভায় জানান যে, জলবায়ু পরিবর্তনে বিরুপ প্রভাব মোকাবেলায় ব্যাপক বনায়নের লক্ষ্যে ২০২৫-২০২৬ অর্থ বছরে বিনামূল্যে বিতরণের জন্য আদিতমারী উপজেলায় ৪০০০টি বিভিন্ন প্রজাতির গাছের চারা বিভিন্ন ব্যক্তি/প্রতিষ্ঠানের নিকট বিতরণ কার্যক্রম চলমান রয়েছে। এছাড়া বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান রয়েছে। | জলবায়ু পরিবর্তনে বিরুপ প্রভাব মোকাবেলায় ব্যাপক বনায়নের লক্ষ্যে ২০২৫-২০২৬ অর্থ বছরে বিনামূল্যে বিতরণের জন্য বরাদ্দ প্রাপ্ত ৪০০০টি বিভিন্ন প্রজাতির গাছের চারা সুষ্ঠুভাবে বিতরণ করতে হবে। বিতরণকৃত গাছে চারাগুলো যেন সঠিক ভাবে রোপন এবং সংরক্ষন করা হয় এ বিষয়ে মনিটরিং করতে হবে। | উপজেলা বন কর্মকর্তা, আদিতমারী। |



CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| ১৭ | খাদ্য নিয়ন্ত্রক বিভাগ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, আদিতমারী সভায় জানান যে, খাদ্য বান্ধব কর্মসূচির আওতায় ইউনিয়ন ভিত্তিক মোট ২৬ জন খাদ্য বান্ধব ডিলার কর্তৃক ১৫/-টাকা কেজি দরে কার্ড ধারীদের মাঝে চাল বিক্রয় কার্যক্রম চলমান রয়েছে। এছাড়া বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান রয়েছে। | খাদ্য বান্ধব কর্মসূচির আওতায় ইউনিয়ন ভিত্তিক মোট ২৬ জন খাদ্য বান্ধব ডিলার কর্তৃক ১৫/- টাকা কেজি দরে কার্ড ধারীদের মাঝে চাল বিক্রয় কার্যক্রম নিয়মিত মনিটরিং করতে হবে। কোথাও কোন অনিয়ম হলে তাৎক্ষনিক ভাবে উপজেলা নির্বাহী অফিসার কে অবহিত করতে হবে। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক কর্মকর্তা, আদিতমারী। |
| ১৮ | সাব-রেজিষ্টার বিভাগ | সাব-রেজিষ্টার কর্মকর্তা, আদিতমারী, লালমনিরহাট সভায় অনুপস্থিত থাকায় তার বিভাগের কিছু জানা গেলো না। | বিস্তারিত কার্যপত্রসহ আগামী সভায় আবশ্যিকভাবে উপস্থিত থাকতে হবে। | সাব-রেজিষ্টার, আদিতমারী। |
| ১৯ | পল্লী সঞ্চয় ব্যাংক | শাখা ব্যবস্থাপক, উপজেলা পল্লী সঞ্চয় ব্যাংক, আদিতমারী, লালমনিরহাট সভায় জানান যে, চলতি সেপ্টেম্বর/২০২৫ মাসে বিতরণকৃত ঋণের আদায় হয়েছে ৫৪,০০,০০০/- (চুয়ান্ন লক্ষ) টাকা এবং বিতরণ হয়েছে ৪১,০০,০০০/- (একচল্লিশ লক্ষ) টাকা। এছাড়া বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান রয়েছে। | বিতরণকৃত ঋণ আদায়ের হার আরো বৃদ্ধি করতে হবে। | শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, আদিতমারী, লালমনিরহাট। |
| ২০ | আনসার ভিডিপি বিভাগ | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, আদিতমারী, লালমনিরহাট সভায় অনুপস্থিত থাকায় তার বিভাগের কিছু জানা গেলো না। | বিস্তারিত কার্যপত্রসহ আগামী সভায় আবশ্যিকভাবে উপস্থিত থাকতে হবে। | উপজেলা আনসার ভিডিপি কর্মকর্তা, আদিতমারী। |
| ২১ | উপজেলা নির্বাচন বিভাগ | উপজেলা নির্বাচন অফিসার, আদিতমারী, লালমনিরহাট সভায় জানান যে, আসন্ন ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন উপলক্ষে গত ১০/০৯/২০২৫ তারিখ খসড়া ভোটকেন্দ্রের তালিকা জেলা নির্বাচন অফিসার, লালমনিরহাট কর্তৃক প্রকাশ করা হয়েছে। প্রকাশিত খসড়া ভোটকেন্দ্রের তালিকা নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়সহ সকল ইউনিয়ন পরিষদে নোটিশ বোর্ডে প্রদর্শনের জন্য প্রেরণ করা হয়েছে। খসড়া ভোটকেন্দ্রের সম্ভাব্য তালিকা চূড়ান্তকরণ ২০/১০/২০২৫ খ্রিস্টাব্দ। এছাড়া অফিসের অন্যান্য কার্যাক্রম স্বাভাবিকভাবে চলছে। | আসন্ন ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন উপলক্ষে বিধি মোতাবেক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করতে হবে। | উপজেলা নির্বাচন অফিসার, আদিতমারী। |
| ২২ | পল্লী বিদ্যুৎ সমিতি, আদিতমারী | সভায় পল্লী বিদ্যুৎ সমিতি আদিতমারী জোনাল অফিস এর ডিপুটি জেনারেল ম্যানেজার জানান যে, বর্তমানে আদিতমারী উপজেলায় চাহিদা অনুযায়ী গ্রীড হতে বিদ্যুৎ সরবরাহ পাওয়ায় বর্তমানে লোডশেডিং নেই। আগামী মাস হতে উপজেলায় লাইনের পার্শ্বে গাছের ডাল পালা পরিষ্কার করার কাজ শুরু হবে। নিরাপদ বিদ্যুৎ সচল রাখার জন্য লাইনের পার্শ্বের গাছের ডাল পালা কর্তন করা খুবই জরুরী। এই কাজে গ্রাহকগণের পাশাপাশি জনপ্রতিনিধিদের সহযোগিতা কামনা করছি। গত ২৪/০৯/২০২৫খ্রিঃ তারিখ পর্যন্ত আবেদনকৃত সকল মন্দিরে ইতিমধ্যে বিদ্যুৎ সংযোগ প্রদান করা হয়েছে। পূজায় নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ মনিটরিং করার জন্য অত্র দপ্তর হতে বিশেষ টিম গঠন করা হয়েছে। এছাড়া বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান আছে। | পল্লী বিদ্যুৎ অফিসের কার্যক্রম সঠিকভাবে মনিটরিং এবং শারদীয় দুর্গাপূজায় নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ নিশ্চিত করতে হবে। | ডিপুটি জেনারেল ম্যানেজার, পল্লী বিদ্যুৎ সমিতি আদিতমারী। |
| ২৩ | ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স ষ্টেশন, আদিতমারী | সভায় ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স ষ্টেশন, কর্মকর্তা, আদিতমারী, লালমনিরহাট সভায় অনুপস্থিত থাকায় তার বিভাগের কিছু জানা গেলো না। | অগ্নি সংযোগ প্রতিরোধে সচেতনতামুলক মহড়া কার্যক্রমের বৃদ্ধি করতে হবে এবং বিস্তারিত কার্যপত্রসহ আগামী সভায় উপস্থিত থাকতে হবে। | ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স ষ্টেশন, কর্মকর্তা, আদিতমারী। |
| ২৪ | উপজেলা পরিসংখ্যান অফিস | উপজেলা পরিসংখ্যান অফিসার, আদিতমারী, লালমনিরহাট জানান যে, তার বিভাগের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান রয়েছে। | বিধি মোতাবেক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করতে হবে। | উপজেলা পরিসংখ্যান অফিসার, আদিতমারী |
| ২৫ | তথ্য আপা প্রকল্প | সভায় তথ্য আপা প্রকল্পের তথ্যসেবা কর্মকর্তা, আদিতমারী জানান যে, তথ্যকেন্দ্রে প্রাথমিক স্বাস্থ্যসেবা, অনলাইন ভিত্তিক সকল সেবা স্বাভাবিক ভাবে চলমান রয়েছে। | বিধি মোতাবেক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করতে হবে। | উপজেলা তথ্যসেবা কর্মকর্তা, আদিতমারী |

চলমান পাতা-০৫

| | | | | |
|---|---|---|---|---|
| ২৬ | উপজেলা পাট উন্নয়ন দপ্তর | উপজেলা পাট কর্মকর্তা, আদিতমারী, লালমনিরহাট সভায় অনুপস্থিত থাকায় তার বিভাগের কিছু জানা গেলো না। | বিস্তারিত কার্যপত্রসহ আগামী সভায় উপস্থিত থাকতে হবে। | উপজেলা পাট অফিসার, আদিতমারী। |
| ২৭ | উপজেলা দারিদ্র্য বিমোচন অফিস | সভায় উপজেলা পল্লী দারিদ্র্য বিমোচন কর্মকর্তা জানান যে, সাধারণ ঋণ কার্যক্রম স্বাভাবিক চলছে। | উপজেলা দারিদ্র্য বিমোচন অফিসের কার্যক্রম গতিশীল করতে হবে। | উপজেলা দারিদ্র্য বিমোচন অফিসার, আদিতমারী। |
| ২৮ | ইনোভেশন টিম বিষয়ক | অত্র উপজেলায় ইনোভেশন টিম বিষয়ক সকল কার্যক্রম সঠিক ভাবে চলছে। | সভায় আলোচনান্তে উপজেলা ইনোভেশন টিম বিষয়ক কার্যক্রম গতিশীল করার জন্য অনুরোধ করা হলো | সভাপতি উপজেলা ইনোভেশন টিম,আদিতমার। |
| ২৯ | উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প | সভায় ইউডিএফ জানান যে, চলতি অর্থ বছরের জানান যে, উপজেলা মূল্যায়ন কার্যক্রম শীঘ্রই শুরু হবে। মন্ত্রণালয় হতে গত বছরের ন্যায় এ বছরেও ওয়েব সাইটে যাচাইয়ের মাধ্যমে মূল্যায়ন করা হবে। মূল্যায়ণে উত্তীর্ণের জন্য উপজেলা পরিষদের মাসিক সভার কার্যবিবরণী নিয়মিত ওয়েব সাইটে আপলোড করতে হবে। বার্ষিক বাজেট ও পঞ্চবার্ষিক পরিকল্পনা প্রণয়ন করতে হবে। এছাড়াও ১৭টি কমিটির বিধি মোতাবেক প্রতি দু'মাসে অন্তত ১টি সভা করে সভার কার্যবিবরণী, নোটিশ এবং হাজিরাসহ ওয়েব সাইটে আপলোড করতে হবে। তিনি সভায় সংশ্লিষ্ট ১৭টি কমিটির সদস্য-সচিবের দৃষ্টি আকর্ষনপূর্বক সভাগুলো নিয়মিত করার জন্য অনুরোধ জানান। | এ উপজেলা পরিষদের সার্বিক উন্নয়নের স্বার্থে ১৭টি কমিটির প্রতি ০২ মাসে অন্তত একটি করে সভার আয়োজন করে সভার কার্যবিবরণী প্রশাসক, উপজেলা পরিষদ বরাবর প্রেরণ করতে হবে। | সভাপতি/সদস্য সচিব, সংশ্লিষ্ট কমিটি। |
| ৩০ | বিবিধ | সভায় জেলা প্রশাসকের কার্যালয়, স্থানীয় সরকার শাখার গত ২৩/০৯/২০২৫ খ্রি. তারিখের ০৫.৪৭.৫২০০.০২৬.০১.০২৭.২৩-৪৮৫ নং স্মারকের পত্রটি পরে শুনানো হয়। বর্ণিত পত্রের নির্দেশনা অনুযায়ী আসন্ন জেলা প্রশাসক সম্মেলন-২০২৬ এ উত্থাপনযোগ্য গরুত্বপূর্ণ বিষয়সমূহ নির্ধারণপূর্বক প্রেরণের বিষয়ে আলোচনা করা হয়।<br><br>সভায় উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, আদিতমারী জানান যে, চলতি মাসে এ উপজেলার কমলাবাড়ী ইউনিয়নের (১) জনাব শ্রী উকিল চন্দ্র রায়, পিতা- শ্রী সুমন্ত কুমার রায়, গ্রাম- চরিতাবাড়ী (২) জনাব শ্রী অনিল চন্দ্র রায়, পিতা- সুমন্ত কুমার রায়, গ্রাম- চরিতাবাড়ী ব্যক্তিদ্বয়ের বসতবাড়ী এবং পলাশী ইউনিয়নের (৩) জনাব মোঃ মজিবর রহমান, পিতা- মৃত ফজলে রহমান, নামুড়ি (৪) জনাব পবিত্র কুমার রায়, পিতা- অন্নদা মোহন, নামুড়ি (৫) মোঃ মইনুল ইসলাম, পিতা- মোঃ ইলিয়াস আলী, নামুড়ি (৬) মোছাঃ সালমা আক্তার, স্বামী- মোঃ ইকবাল হোসেন, নামুড়ী ব্যক্তিগণের দোকান ঘর অগ্নিকান্ডে পুরে যায় এছাড়াও (৭) জনাব সান্তরা রানী রায়, পিতা- সুবাস চন্দ্র রায়, গ্রাম-হরিদাস ইউনিয়ন সারপুকুর কে ২৩ তম আইটিএফ তায়কোয়নদো বিশ্ব চ্যাম্পিয়নশীপ-২০২৫ (জেসেলো) ইতালী তে অংশগ্রহণের নিমিত্ত আর্থিক সাহায্য এবং (৮) জনাব মোঃ রাজু মিয়া পিতা-মৃত শফিকুল ইসলাম, গ্রামঃ দক্ষিণ গোবদা, দুর্গাপুর (শারিরিক প্রতিবন্ধি) কে হুইল চেয়ার ক্রয়ের আর্থিক সাহায্য বাবদ প্রশাসক, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার আদিতমারী মহোদয়ের সদয় নির্দেশক্রমে প্রতিজনকে নগদ ১০,০০০/- (দশ হাজার) টাকা করে সর্বমোট ৮×১০,০০০/- = ৮০,০০০/- (আশি হাজার) টাকা আর্থিক সহায্য প্রদান করা হয়েছে। তিনি সভায় বর্ণিত ব্যয়সমূহ উপজেলা পরিষদের অপ্রত্যাশিত খাত হতে নির্বাহের ভূতাপেক্ষ অনুমোদনের জন্য অনুরোধ জানান। | আসন্ন জেলা প্রশাসক সম্মেলন-২০২৬ এ উত্থাপনযোগ্য এই মুহূর্তে কোন গুরুত্বপূর্ণ বিষয় নেই মর্মে সকলে একমত পোষন করেন।<br><br>সভায় উত্থাপিত বর্ণিত ০৮ (আট) ব্যক্তিকে আর্থিক সাহায্য বাবদ প্রতিজন ১০,০০০/-টাকা হারে প্রদানকৃত সর্বমোট ৮×১০,০০০/- = ৮০,০০০/- (আশি হাজার) টাকা উপজেলা পরিষদের অপ্রত্যাশিত খাত হতে ব্যয় সমন্বয়ের ভূতাপেক্ষ অনুমোদন করা হলো। | উপজেলা নির্বাহী অফিসার, আদিতমারী<br><br>প্রশাসক/ উপজেলা নির্বাহী অফিসার, আদিতমারী |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(বিধান কান্তি হালদার)
প্রশাসক
উপজেলা পরিষদ
আদিতমারী, লালমনিরহাট।



CamScanner

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
আদিতমারী, লালমনিরহাট।
aditmari.lalmonirhat.gov.bd

স্মারক নং: ০৫.৪৭.৫২০২.০০০.০২.০৬৬.২৫- ১৩৪০ (৪০) তারিখ: ১০ আশ্বিন ১৪৩২ / ২৫ সেপ্টেম্বর ২০২৫

অনুলিপি (সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে):-

০১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
০৩। পরিচালক, স্থানীয় সরকার, রংপুর বিভাগ, রংপুর।
০৪। জেলা প্রশাসক, লালমনিরহাট।
০৫। উপপরিচালক, স্থানীয় সরকার, লালমনিরহাট।
০৬। উপজেলা ........................................................................ অফিসার, আদিতমারী, লালমনিরহাট।
০৭। চেয়ারম্যান ........................................................................(সকল) ইউ.পি, আদিতমারী, লালমনিরহাট।
০৮। ........................................................................আদিতমারী, লালমনিরহাট।

(বিধান কান্তি হালদার)
উপজেলা নির্বাহী অফিসার
আদিতমারী, লালমনিরহাট
ফোন ঃ ০৫৯২২-৫৬০০১ (অফিস)
ফ্যাক্স নং ঃ ০৫৯২২-৫৬০৮০
Email. unoaditmari@mopa.gov.bd